

সমন্বিত
২৫ জুন, ২০০০
২২:০০ — ২০
ক্রীড়া বিভাগ - ৩৭৬-৫৫২২

আন্তঃবেসরকারি বিশ্ববিদ্যালয় ফুটবল নেসক্যাফে 'ব্যাটল অব জায়ান্ট'

জয় পেল নর্থসাউথের আর্জেন্টিনা
ও ইস্ট ওয়েস্টের ব্রাজিল

সমন্বিত
২৫/৬/০০
২২:০০ — ২০

ক্রীড়া প্রতিবেদক

ব্রাজিলের মারাকান স্টেডিয়াম নয় কিংবা আর্জেন্টিনার বুয়েস অয়ার্সেরও কোনো স্টেডিয়াম নয়। গুলশান ইয়ুথ ক্লাবের মাঠটি পতকাল যেন হয়ে উঠেছিল একশত মারাকান কিংবা এস্টাডিও মনুমেন্টাল অ্যাটোনিও ভি লিবার্টি। কারণ এই মাঠেই যে কাল থেকে শুরু হলো ব্রাজিল আর আর্জেন্টিনার ফুটবলারদের লড়াই 'ব্যাটল অব জায়ান্ট' সিন্স-এ-সাইড ফুটবল টুর্নামেন্ট। নেসলে বাংলাদেশের ম্যানোজং ডিরেক্টর লরেন্ট খেরাউ বেলুন উড়িয়ে টুর্নামেন্টের উদ্বোধন করেন। ৮টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণে অনুষ্ঠিত হচ্ছে ব্রাজিল বনাম আর্জেন্টিনার 'ব্যাটল অব জায়ান্ট'। প্রতিটি বিশ্ববিদ্যালয় থেকে ব্রাজিল আর আর্জেন্টিনা নামে দুটি করে মোট ১৬টি দল অংশ নিচ্ছে এই লড়াইয়ে। তারপরের উদ্‌ঘাট আর উদ্দীপনায় ন্যাসকেফের আয়োজনে বিশ্বকাপ স্তরবর অনেক আগেই বাংলাদেশে শুরু হলো ব্রাজিল-আর্জেন্টিনার ফুটবল লড়াই। ২৬ মে সমাপন হবে ব্রাজিল সেরা নাকি আর্জেন্টিনা সেরা- এই চিরত্বন দ্বন্দ্বের।

কাল উদ্বোধনী দিনের প্রথম খেলায় নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) আর্জেন্টিনা দল ২-০ গোলে হারিয়ে দেয় সাউথ ইস্ট ইউনিভার্সিটির (ইএসইউ) ব্রাজিল দলকে। এনএসইউ আর্জেন্টিনার বিবল দারণ খেলা উপহার দিয়ে জিতে নেন ম্যাচসেরার পুরস্কার। বিবল একটি দোলও করেন। অপর গোলটি করেন শাওন। অপর খেলায় ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ব্রাজিল দল ৪-১ গোলে হারায় ইউপেডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের আর্জেন্টিনা দলকে। শাওন জেতেন ম্যাচ সেরার পুরস্কার।



নেসক্যাফে ফুটবল টুর্নামেন্টে আর্জেন্টিনার বিরুদ্ধে ব্রাজিলের একটি আক্রমণ। পাশে উপস্থিত অতিথিদের একাংশ

গুপ্ত বিশ্বকাপই নয়, ব্রাজিল আর আর্জেন্টিনার ফুটবল উদ্দীপনা বাংলাদেশের মানুষকে ছুঁয়ে যায় সবসময়ই। বিশ্বকাপ এলে তো কথাই নেই। ফুটবলের দুই পরাশক্তি ব্রাজিল আর আর্জেন্টিনার পতকায় ছেয়ে যায় পুরো দেশ। দুই ফুটবল পরাশক্তির এই উদ্দীপনাকেই পুঁজি করে ন্যাসকেফে থ্রি-ইন-ওয়ান তারুণ্যকে বাড়িয়ে দিতে আয়োজন করে 'ব্যাটল অব জায়ান্ট' (শর্তমানদের লড়াই)। বাংলাদেশের মানুষ বিশ্বকাপের সময় ব্রাজিল আর আর্জেন্টিনা এই দুই নামে ভাগ হয়ে পড়ে। বিতর্কও চলতে থাকে ব্রাজিল সেরা নাকি আর্জেন্টিনা। ন্যাসলে বাংলাদেশ লিমিটেডের ব্র্যাড ম্যানোজার গালিব বিন মোহাম্মদ বলেন, 'ব্রাজিল সেরা নাকি আর্জেন্টিনা- এই বিতর্ক

মুখে কেন চলবে। মাঠেই সমাপন হোক আসলে কে সেরা।' গালিব বিন মোহাম্মদ আরও বলেন, 'ন্যাসকেফে তারুণ্যকে নিয়েই সবসময় কিছু করার চেষ্টা করে। বিশ্বকাপের সময় যেহেতু বাংলাদেশের মানুষ দুই দেশের সমর্থনে ভাগ হয়ে যায় তাই আমরাও ফুটবলের এই উদ্দীপনাকে কাজে লাগিয়ে তারুণ্যদের উদ্দীপ্ত করে তোলার চেষ্টা করছি। এ কারণেই মূলত ব্রাজিল-আর্জেন্টিনার প্রতীকী নাম দিয়ে ব্যাটল অব জায়ান্ট শিরোনামে সিন্স-এ-সাইড টুর্নামেন্টের আয়োজন করেছি। বর্তমান সময়ের তারুণ্য কন্পিউটার, মোবাইল কিংবা ভিডিও গেমনির্ভর হয়ে যাচ্ছে। ন্যাসকেফে চাচ্ছে তাদের মাঠে নিয়ে আসতে। এ থেকে বিশ্ববিদ্যালয়গুলোতে ফুটবলের চর্চা আরও বেড়ে যাবে এবং ভালোমানের ফুটবলারও বের হয়ে আসতে পারে।'

